## মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক উদ্ভাবিত ও অনুসৃত "ইনোভেটিভ/সৃজনশীল কর্মপদ্ধতি/উত্তম চর্চা" বিষয়ক তথ্য:

### মন্ত্রণালয়/বিভাগের নাম: পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়

| ক্র: নং: | মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নাম | উদ্ভাবিত ও অনুসৃত "ইনোভেটিভ/সৃজনশীল কর্মপদ্ধতি/ উত্তম চর্চা"র নাম | উদ্ভাবিত ও অনুসৃত "ইনোভেটিভ/সৃজনশীল কর্মপদ্ধতি/ উত্তম চর্চা"র সংক্ষিপ্ত বিবরণ | উদ্ভাবিত ও অনুসৃত "ইনোভেটিভ/সৃজনশীল কর্মপদ্ধতি/ উত্তম চর্চা"র কার্যক্রম শুরুর সময়/তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | পরিকল্পনা বিভাগ | সরকারি ব্যয় সাশ্রয়ের লক্ষ্যে অকেজো মালামালের স্টক পরীক্ষা করে অপেক্ষাকৃত ভাল আসবাবপত্র যেমন, স্টিলের আলমিরা ও ফাইল কেবিনেট, চেয়ার, টেবিল ইত্যাদি মেরামত ও কালার করিয়ে দপ্তরে ব্যবহার উপযোগী করা হয়েছে। | পুরাতন মালামালের স্টক পরীক্ষা/বাছাই করে বেসরকারি প্রতিষ্ঠান নিয়োগ করে ৯টি স্টিলের আলমিরা, ১০টি স্টিলের ফাইল কেবিনেট, ১০টি চেয়ার/টেবিল মেরামত ও কালার করিয়ে দাপ্তরিক কাজে ব্যবহার করা হচ্ছে। | মেরামতকৃত আসবাবপত্র ০৫/০১/২০২২ তারিখ হতে অফিসের কাজে ব্যবহার করা হচ্ছে। | সৃজনশীল |
| ০২ | | পরিকল্পনা বিভাগ এবং পরিকল্পনা কমিশন চত্বরের বাগান, প্রাঙ্গনে বিদ্যমান ২টি ক্যান্টিন এবং আঙ্গিনার অন্যান্য স্থান পরিষ্কার করে তা নিয়মিত পরিচর্যা করা হচ্ছে। | গণপূর্ত বিভাগ এবং আরবারিকালচার দপ্তরের মাধ্যমে পুরো চত্বরের বাগান নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন রাখা হচ্ছে। বিষয়টির ওপর গুরুত্ব আরোপ করে সচিব মহোদয়ের নেতৃত্বে গত ০৬/০১/২০২২ তারিখে পরিকল্পনা বিভাগের সম্মেলন কক্ষে পরিচ্ছন্নতা কর্মীদের সাথে মতবিনিময় করা হয়েছে। | পরিষ্কার পরিচ্ছন্নতার বিষয়টি এখন দৃশ্যমান। পরিচ্ছন্নতা কর্মীদের সাথে ০৬/০১/২০২২ তারিখে মতবিনিময় সভা করা হয়েছে। | উত্তম চর্চা |
| ০৩ | | পরিকল্পনা বিভাগ এবং পরিকল্পনা কমিশন চত্বরের বিদ্যমান গাছপালাসমূহে বাংলা/বৈজ্ঞানিক নাম লিখা, গাছে প্রয়োজন মোতাবেক প্রোনিং করা, পুরাতন গাছ যথাসময়ে নিষ্পত্তি করা সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন। | পরিকল্পনা বিভাগের সচিব এবং অন্যান্য কর্মকর্তাগণ সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করে এবং আরবারিকালচার এর সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে আলোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করছেন। এ বিষয়ে ডিসেম্বর'২০২১ মাসে কয়েক দফায় আরবারিকালচার ডিপার্টমেন্টের সাথে আনুষ্ঠানিক/অনানুষ্ঠানিক বৈঠক করা হয়েছে। | প্রোনিং এবং বৈজ্ঞানিক নাম লিখার কাজ আরবারিকালচার বিভাগের মাধ্যমে সম্পন্ন করা হচ্ছে। এখনও কাজটি চলমান আছে। | উত্তম চর্চা |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৪ | পরিকল্পনা বিভাগ | পরিকল্পনা কমিশনের প্রত্যেক ভবনের ছাদে সোলার প্যানেল স্থাপন করা আছে। প্যানেলগুলো ঠিকমত কাজ করছে কিনা সে বিষয়টি নিশ্চিতকরণ | গণপূর্ত বিভাগের মাধ্যমে গত ২১/১২/২০২১ তারিখে সোলার প্যানেলসমূহ চেক করা হয়েছে। প্যানেলসমূহ অপারেশনে আছে। উল্লেখ্য এনইসি, একনেক ভবনসহ মোট ২০টি ভবনের ছাদে মোট ২০টি সোলার প্যানেল স্থাপিত আছে। | সোলার প্যানেলগুলো বর্তমানে কার্যক্ষম আছে। | উত্তম চর্চা |
| ০৫ | | পরিকল্পনা কমিশন চত্বরে স্থাপিত ফায়ার হাইড্র্যান্ট সিস্টেম এর কার্যকারিতা পরীক্ষাকরণ | গণপূর্ত বিভাগের মাধ্যমে ফায়ার হাইড্র্যান্ট সিস্টেম এর কার্যকারিতা গত ২১/১২/২০২১ তারিখে পরীক্ষা করা হয়েছে। পরীক্ষা কালে পরিকল্পনা বিভাগের সচিব মহোদয় সরেজমিন হাইড্র্যান্ট স্থলে উপস্থিত থেকে হুইস পাইপ ব্যবহারের মাধ্যমে পানির স্পীড পরীক্ষা করে দেখেন। সচিব মহোদয় ফায়ার হাইড্র্যান্ট সিস্টেমটির বিষয়ে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সাথে লিয়াজো/সমন্বয় করার পরামর্শ প্রদান করেন। | পরিকল্পনা কমিশন চত্বরে স্থাপিত ফায়ার হাইড্র্যান্ট সিস্টেম | উত্তম চর্চা |
| ০৬ | | পরিকল্পনা কমিশন চত্বরের পম্প হাউস সংলগ্ন পরিত্যাক্ত একতলা ভবন এর অকেজো মালামাল/ নথি যথানিয়মে নিষ্পত্তিকরণ এবং পরিত্যাক্ত ভবন অকেজো ঘোষণাকরণ সংক্রান্ত | উক্ত অকেজো মালামাল যথানিয়মে নিষ্পত্তির জন্য প্রশাসন উইং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছে। পরিত্যক্ত ভবনের অকেজো মালামাল/নথিপত্র নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গণপূর্ত বিভাগকে দায়িত্ব দেওয়া হয়েছে। গণপূর্ত বিভাগ জানিয়েছে পরিত্যক্ত ভবন কমডেমড ডিক্লেয়ার করার বিষয়ে ইতোপূর্বে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তবে পুরানো নথিপত্র ডিসপোজ না হওয়ায় উক্ত সিদ্ধান্ত বাস্তবায়ন করা যাচ্ছে না। | সকল ভবনের স্থানে স্থানে জমা করা জরাজীর্ণ, অকেজো ভাঙ্গা মালামাল যেমন: টেবিল, চেয়ার, ফাইল কেবিনেট, বুক সেলফ এবং নষ্ট ইলেকট্রিক সরঞ্জাম যেমন: ফটোকপিয়ার মেশিন, কম্পিউটার এক্সেসারিজ ইত্যাদি গত ২২/১১/২০২১ তারিখে শ্রমিক নিয়োগ করে সবগুলো একত্রিত করা হয়েছে। অকেজো দ্রব্য প্রকাশ্য নিলামে বিক্রি করা হবে। | উত্তম চর্চা |

১০/১/২০২২

(প্রদীপ রঞ্জন চক্রবর্তী)
সচিব
পরিকল্পনা বিভাগ

D:\Innovation\ইনোভেটিভ, সৃজনশীল, উত্তম চর্চার তথ্য.doc

মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক উদ্ভাবিত ও অনুসৃত "ইনোভেটিভ/সৃজনশীল কর্মপদ্ধতি /উত্তম চর্চা" বিষয়ক তথ্য

মন্ত্রণালয়/বিভাগের নামঃ পরিকল্পনা মন্ত্রণালয়

| ক্রমিক | সংস্থার নাম | উদ্ভাবিত ও অনুসৃত "ইনোভেটিভ/সৃজনশীল কর্মপদ্ধতি/ উত্তম চর্চার নাম | উদ্ভাবিত ও অনুসৃত"ইনোভেটিভ/সৃজনশীল কর্মপদ্ধতি/উত্তম চর্চার সংক্ষিপ্ত বিবরণ | উদ্ভাবিত ও অনুসৃত "ইনোভেটিভ/সৃজনশীল কর্মপদ্ধতি/ উত্তম চর্চা'র কার্যক্রম শুরুর সময়/তারিখ |
|---|---|---|---|---|
| ১ | বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) | অনলাইন মনিটরিং সিস্টেম স্থাপন | সম্পূর্ণ অফিস এবং অফিস প্রাঙ্গন আইপি বেজড ক্লোজ সার্কিট ক্যামেরার আওতায় আনা হয়েছে। ফলে পৃথিবীর যেকোনো প্রান্তে বসে নিরাপত্তাসহ দপ্তরের কার্যক্রম মনিটর করা সম্ভব হবে। এতে কাজের গতি এবং স্বচ্ছতা বাড়বে। | ২৬/১২/২০২১ |
| ২ | | লাইব্রেরি মেম্বারশিপ আবেদন ফরম অনলাইনে পূরণ ও জমাদান | দেশি-বিদেশি ব্যবহারকারীদের সুবিধার্থে প্রতিষ্ঠানের লাইব্রেরি মেম্বারশিপ আবেদন ফরম অনলাইনে পূরণ ও জমা প্রদানের সুবিধা চালু করা হয়েছে। এতে করে মেম্বারশিপ প্রত্যাশী কোনো ব্যক্তিকে সশরীরে এসে আবেদন বা ফি জমা দিতে হয় না, ফলে তার সময় ও অর্থ সাশ্রয় হচ্ছে। | ০৭/১০/২০২০ |
| ৩ | | প্রভিডেন্ট ফান্ডে জমাকৃত অর্থের পরিমাণ অনলাইনে জানার ব্যবস্থা | প্রতিষ্ঠানের কর্মীদের তাদের প্রভিডেন্ট ফান্ডে জমাকৃত অর্থের পরিমাণ জানতে হিসাব শাখার শরনাপন্ন হতে হবে না। যেকোনো কর্মী যেকোনো সময় অনলাইনে তার জমাকৃত অর্থের পরিমাণ জানতে পারবেন। | ২০/১২/২০২০ |
| ৪ | | কর্মীদের বেতনের স্লিপ সফটওয়্যারের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে প্রেরণ | প্রতিষ্ঠানের প্রত্যেক কর্মচারীর প্রতিমাসের বেতনের স্লিপ স্বয়ংক্রিয়ভাবে সফটওয়্যারের মাধ্যমে ই-মেইলে প্রেরণ করা হচ্ছে। এত করে সময় এবং অর্থের সাশ্রয় হচ্ছে। | ২৪/১২/২০২০ |

05/01/2022

Subash Ch. Saha
Secretary (a.i)
BIDS, Agargaon, Dhaka-1207

## মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক উদ্ভাবিত ও অনুসৃত 'ইনোভেটিভ/সৃজনশীল কর্মপদ্ধতি/উত্তম চর্চা' বিষয়ক তথ্য

মন্ত্রণালয়/বিভাগের নাম: পরিকল্পনা মন্ত্রণালয়

| ক্রমিক | সংস্থার নাম | উদ্ভাবিত ও অনুসৃত ইনোভেটিভ/সৃজনশীল কর্মপদ্ধতি/উত্তম চর্চার নাম | উদ্ভাবিত ও অনুসৃত ইনোভেটিভ/সৃজনশীল কর্মপদ্ধতি/উত্তম চর্চার সংক্ষিপ্ত বিবরণ | উদ্ভাবিত ও অনুসৃত ইনোভেটিভ/সৃজনশীল কর্মপদ্ধতি/উত্তম চর্চার কার্যক্রম শুরুর সময়/তারিখ |
|---|---|---|---|---|
| ১ | জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি) | অনলাইন মনিটরিং সিস্টেম স্থাপন | সম্পূর্ণ অফিস, আবাসিক এলাকা, ডরমিটরী ও ক্যাফেটেরিয়া আইপি বেজড ক্লোজ সার্কিট ক্যামেরার আওতায় আনা হয়েছে। ফলে পৃথিবীর যেকোনো প্রান্তে বসে নিরাপত্তাসহ দপ্তরের কার্যক্রম মনিটরিং করা সম্ভব হবে। এতে কাজের গতি এবং স্বচ্ছতা বাড়বে। | ০৪ আগস্ট ২০২১ |
| ২ | | প্রশিক্ষণ কোর্সের বক্তা মূল্যায়ন ও কোর্স মূল্যায়ন অনলাইনে সম্পন্নকরণ | প্রশিক্ষণার্থীগণ সংশ্লিষ্ট সকল প্রশিক্ষণ কোর্সের বক্তা মূল্যায়ন এবং কোর্স শেষে সমগ্র কোর্সের কোর্স মূল্যায়ন অনলাইনে সম্পন্ন করতে পারছেন। ফলে কাগজের ব্যবহার হ্রাস এবং যথাযথ মূল্যায়ন নিশ্চিত হচ্ছে। | ০৫ জানুয়ারি ২০২০ |
| ৩ | | KIOSK মেশিন স্থাপন | সেবা ডিজিটাইজেশন এর জন্য নতুন উদ্ভাবন হিসেবে এনএপিডির লবিতে একটি Kiosk মেশিন স্থাপন করা হয়েছে। উক্ত Kiosk মেশিনের মাধ্যমে একাডেমির প্রশিক্ষণ, গবেষণা ও প্রকাশনা, গুরুত্বপূর্ণ অনুষ্ঠানের তথ্য, ভিডিও এবং অন্যান্য তথ্যাদি অংশীজনদের জ্ঞাতার্থে প্রদর্শন করা হচ্ছে। | ২৯ নভেম্বর ২০২১ |
| ৪ | | কর্মকর্তা/কর্মচারীদের মাসিক বেতন-ভাতা BEFTN এর মাধ্যমে প্রেরণ | একাডেমির নিয়মিত কর্মকর্তা/কর্মচারীগণের বেতন-ভাতা ও অন্যান্য আর্থিক সুযোগ-সুবিধা BEFTN এর মাধ্যমে সোনালী ব্যাংকে তাদের নিজস্ব হিসাবে জমা প্রদান করা হচ্ছে। এতে করে কর্মকর্তা/কর্মচারীগণ তাদের বেতন-ভাতা ও অন্যান্য আর্থিক সুযোগ-সুবিধা দেশের বিভিন্ন স্থান হতে প্রয়োজন অনুযায়ী উত্তলন করতে পারছেন। | ১৮ জুলাই ২০১৭ |

২৭/০১/2022
দীপায়ন চক্রবর্তী পার্থ
গবেষণা কর্মকর্তা
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি
পরিকল্পনা মন্ত্রণালয়

২৭/১/২২
প্রকৌঃ মোঃ আব্দুর রশিদ
পরিচালক (প্রশাসন ও অর্থ)
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি
পরিকল্পনা মন্ত্রণালয়।